

AP-4/10/19

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫.৯৫

তারিখ : ৩০ মে ২০১৭

বিষয় : নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “জুনিয়র বেতার কর্মকর্তা” এবং “ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী)” পদের অনলাইনে আবেদনকারী প্রার্থীদের মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form -3) পূরণ ও জমা দান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের অধীন মেরিন একাডেমী, চট্টগ্রাম এর “জুনিয়র বেতার কর্মকর্তা” এবং “ইঞ্জিনিয়ারিং মেকানিক (উপ-সহকারী প্রকৌশলী)” পদে সরাসরি নিয়োগের জন্য গত ২০.০২.২০১৭ খ্রিঃ তারিখে অনলাইনে ১১ ও ২০ নং বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। অনলাইনে আবেদনকারী প্রার্থীদেরকে মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form-3) কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি সহ আগামী ০১ জুন ২০১৭ তারিখ হতে ২০ জুন ২০১৭ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টার মধ্যে পরিচালক (ইউনিট-৬) বরাবর হাতে হাতে অথবা ডাকযোগে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকায় (হাতে হাতে আবেদনপত্র জমাদানের ক্ষেত্রে কমিশন ভবনের নীচতলায় অভ্যর্থনা কক্ষের কাউন্টার) জমা দিতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form-3) জমা দিতে ব্যর্থ হলে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। এছাড়া মূল আবেদনপত্রের ফর্ম (BPS Form -3) যাচাই বাছাইয়ের পর প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীরাই শুধুমাত্র মৌখিক পরীক্ষার জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন।

২. উল্লিখিত ০২ ক্যাটাগরী পদের মৌখিক পরীক্ষার তারিখ, সময়সূচি এবং অন্যান্য তথ্যাবলী পরবর্তীতে সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইটে www.bpsc.gov.bd এবং দৈনিক পত্রিকার মাধ্যমে জানানো হবে।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
“চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে”

স্বাক্ষরিত/-
(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)

নং- ৮০.১০৬.০১১.০০.০২.০০১.২০১৫.৯৫/১০০

তারিখ : ৩০ মে ২০১৭

অনুলিপি সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :-

১. সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৩. পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৪. পরিচালক (সকল)/উপ সচিব (প্রশাসন/অর্থ ও সেবা/ বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (তাকে বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬. মাননীয় চেয়ারম্যান এর একান্ত সচিব, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৯. উপ-পরিচালক/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
১০. বিজ্ঞ সদস্য (সকল) এর ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্যের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়।
১১. অভ্যর্থনা শাখা/নোটিশ বোর্ড, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. কমিশনের Website: www.bpsc.gov.bd .
১৩. অফিস কপি/মাস্টার কপি

(নাজনীন হোসেন)
পরীচালক (ইউনিট-৬)